বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

তারিখ-১১/০২/২০২০ইং

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অন্তর্ভুক্ত সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত শিক্ষার্থীদের নিকট হতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর লেখা আহবান বিষয়ক - বিজ্ঞপ্তি

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর উপর বিশেষ ম্যাগাজিন প্রকাশ করতে যাচ্ছে। উক্ত ম্যাগাজিন কারিগরি শিক্ষা সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান ও দপ্তরসমূহে সরবরাহ করা হবে। যা সংশ্লিষ্ট সবার বঙ্গবন্ধু সম্পর্কে জানতে সহায়ক ভূমিকা পালন করবে।

ম্যাগাজিনটি তথ্যবহুল করে তুলতে **বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অন্তর্ভুক্ত সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত শিক্ষার্থীদের নিকট হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর লেখা আহবান করা যাচ্ছে**। লেখার বিবেচ্য বিষয় (বঙ্গবন্ধুর রাজনীতি ও জীবন ,বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ,কারিগরি শিক্ষা ও বঙ্গবন্ধু,স্মৃতিচারণ,রাষ্ট্র পরিচালনায় বিভিন্ন কর্মকান্ড ভিত্তিক নিবন্ধ,বঙ্গবন্ধুকে নিয়ে কবিতা,শ্রদ্ধা নিবেদনমূলক রচনা বা প্রবন্ধ)। প্রাপ্ত লেখা হতে কেবলমাত্র মানসম্পন্ন,নির্বাচিত লেখা প্রকাশ করা হবে।

লেখাটি ২৯/০২/২০২০ তারিখের মধ্যে **হার্ড কপি অথবা সফট কপি** প্রদানের জন্য অনুরোধ জানানো হল। হার্ড কপি প্রদানের ঠিকানা-কল্যান ব্রত দাস, কোয়ালিটি অ্যাসুরেন্স অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,আগারগাঁও, শেরে বাংলা নগর,ঢাকা-১২০৭। মোবাইল নং-০১৭১১৫০৭২১৫। সফট কপি প্রদানের ঠিকানা- (kb.das2013@gmail.com)। লেখার শেষে শিক্ষার্থীর নাম,ঠিকানা, মোবাইল নম্বর,শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, সেশন, রোল, রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

(মোঃ নূর-এ-ইলাহী)
উপপরীক্ষা নিয়ন্ত্রক(ভোকেশনাল)
ও
আহবায়ক ,"বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী স্মারক ম্যাগাজিন প্রকাশ উপকমিটি"
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা -১২০৭।
তারিখ-১১/০২/২০২০ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ -

১। সচিব,বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২। পরিচালক(কারিকুলাম),পরীক্ষা নিয়ন্ত্রক,পরিদর্শক,পরিচালক (আইটিসি),বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।(বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। সকল কর্মকর্তা-কর্মচারি, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। অফিস নথি।

১১/০২/২০২০
(মোঃ আব্দুল্লা আল মাবুদ)
বিশেষজ্ঞ (এলএমডি)
ও
সদস্য সচিব,"বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী স্মারক ম্যাগাজিন প্রকাশ উপকমিটি"
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা -১২০৭।